

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
'আমার বাড়ি আমার খামার' প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন, ১৩ তম তলা
৭১-৭২, ইন্সটান গার্ডেন, ঢাকা-১০০০
www.ebek-rdcd.gov.bd

স্মারক নং- এবাএখা/অর্থ ও হিসাব/ নিরীক্ষা/৪৯১/অংশ-০৩/ ২২০২

তারিখঃ ২২/০৯/২০১৯ খ্রি.

বিষয়: প্রকল্পের অডিট আপত্তির সারসংক্ষেপ অবহিতকরন ও পরবর্তীতে একই রূপ অনিয়ম সম্পর্কে সতর্কীকরন প্রসঙ্গে।

আমার বাড়ি আমার খামার প্রকল্প (৩য় সংশোধিত) এর জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৮ মেয়াদ পর্যন্ত সরকারের বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক সম্পন্ন অডিট প্রতিবেদনে বেশ কিছু আপত্তি উত্থাপিত হয়েছে যা প্রকল্পের উপকারভোগীদের প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান সংশ্লিষ্ট। এ ধরনের আপত্তি কোনভাবেই গ্রহণযোগ্য নহে এবং সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তাগণ এজন্য দায়ী হবেন। অডিট আপত্তি সমূহ পৃথক ভাবে সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তার নিকট প্রেরন করা হচ্ছে। প্রাপ্ত আপত্তিসমূহ সংক্ষিপ্তকরন করলে দেখা যায়ঃ

১. প্রকল্প পরিচালকের অনুমোদন ব্যতিরেকে বছর শেষে অব্যয়িত অর্থ এজি অফিস হতে উত্তোলন করে ব্যংক হিসাবে রাখা হয়েছে যা গুরুতর আর্থিক অনিয়ম;
২. মালামাল ক্রয়ে একই দোকানের ভাউচারের ক্ষেত্রে পরের ক্রমিকে ভাউচারে আগে এবং আগের ক্রমিকের ভাউচারে পরে ক্রয় দেখানো হয়েছে। যাতে সহজেই প্রতীয়মান হয় যে ভাউচারগুলি নিজেদের লেখা এবং ভাউচারে পরিশোধিত অর্থ ব্যয় সম্পর্কে সন্দেহের উৎস্রেক করে;
৩. তালিকা বর্হিত্ত প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ প্রদান (ভাতা, খাবারের বিল, প্রশিক্ষণ সামগ্রী বিতরণ ইত্যাদি) প্রদান করা হয়েছে। বিকল্প প্রশিক্ষণার্থীদের তালিকা অনুমোদনের কোন ব্যবস্থা নেয়া হয়নি;
৪. বছর শেষে অব্যয়িত অর্থ ফেরত না দিয়ে পরের বছরে ব্যয় করা হয়েছে;
৫. হোস্টেল ও ক্লাসরুম ভাড়া, সার্ভিস চার্জ হতে ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হয়নি যা গুরুতর আর্থিক অনিয়ম;
৬. অনুপস্থিত প্রশিক্ষণার্থীদের নামে দৈনিক ভাতা ও অন্যান্য ব্যয় দেখানো হয়েছে যা গুরুতর আর্থিক অনিয়ম;
৭. অনুপস্থিত প্রশিক্ষণার্থীদের হাজিরা প্রক্সি দিয়ে বিভিন্ন ভাতা বিতরণ করা হয়েছে যা গুরুতর আর্থিক অনিয়ম এবং দুর্নীতির সাক্ষ্য;
৮. খাবার, ষ্টেশনারী ও অন্যান্য সরবরাহের বিল হতে আয়কর কর্তন করা হয়নি যা গুরুতর আর্থিক অনিয়ম;
৯. প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ সামগ্রী বিতরণের প্রমানক ব্যতিত ব্যয় দেখানো হয়েছে;
১০. ৫ দিনের প্রশিক্ষণ কোর্স ৪ দিনে সম্পন্ন করে কোর্সের সম্পূর্ণ ব্যয় দেখানো হয়েছে;
১১. খাবার সরবরাহ করা হলেও নগদ ভাতা হিসেবে পরিশোধ দেখিয়ে প্রশিক্ষণার্থীদের স্বাক্ষর গ্রহণ করা হয়েছে যা গুরুতর অনিয়ম;
১২. সনদপত্র ছাপানোর বিল হতে ভ্যাট/ট্যাক্স কর্তন করা হয়নি;
১৩. সম্মানী বাবদ প্রদত্ত অর্থ হতে আয়কর কর্তন না করায় সরকারের আর্থিক ক্ষতি;
১৪. প্রশিক্ষণার্থী হোস্টেলে অবস্থান না করা সত্ত্বেও তাদের জন্য হোস্টেলভাড়া পরিশোধ গুরুতর আর্থিক অনিয়ম, ইত্যাদি।

একজন দায়িত্বশীল কর্মকর্তা আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসেবে সরকারী অর্থ ব্যয়ের ক্ষেত্রে সকল আর্থিক বিধি বিধান মেনে চলবেন এবং সম্ভাব্য অডিট আপত্তি সম্পর্কে সজাগ থাকবেন এটিই প্রত্যাশিত। উপরে উল্লিখিত আর্থিক অনিয়মসমূহ পর্যালোচনায় এটি প্রতীয়মান হয় যে প্রকল্পের অর্থ ব্যয়ে যথাযথ সতর্কতা অবলম্বন করা হয়নি যা অত্যন্ত দুঃখজনক। ভবিষ্যতে যাতে এ ধরনের অনিয়ম পুনরায় সংগঠিত না হয় সে বিষয়ে সকল আয়ন ব্যয়ন কর্মকর্তা সতর্ক থাকবেন। ইতোমধ্যে যে অডিট আপত্তি উত্থাপন করা হয়েছে তা নিষ্পত্তিতে সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা সর্বোচ্চ প্রচেষ্টা গ্রহন করবেন।


(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোনঃ ০২-৯৩৫৯০৮৩ ফ্যাক্সঃ ০২-৯৩৪৮২০৬
headoffice@ebek-rdcd.gov.bd

১. মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া;
২. মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী, কোটালীপাড়া, গোপালগঞ্জ;
৩. ড. মোহাম্মদ শফিকুল ইসলাম (পরিচালক) উপপ্রকল্প পরিচালক, লালমাই-ময়নামতি কম্পোনেন্ট, আমার বাড়ি আমার খামার প্রকল্প, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী, কোটবাড়ি, কুমিল্লা;
৪. ড. স্বপন কুমার দাস গুপ্ত, পরিচালক (প্রশিক্ষণ) বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কোটবাড়ি, কুমিল্লা;
৫. প্রিন্সিপাল, বাংলাদেশের সমবায় একাডেমী, বার্ড ক্যাম্পাস, কোটবাড়ি, কুমিল্লা;
৬. জনাব মোঃ জিল্লুর রহমান, উপ প্রকল্প পরিচালক, ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর জীবন যাত্রার মানোন্নয়ন কম্পোনেন্ট, সমবায় অধিদপ্তর, ঢাকা;
৭. পরিচালক, বিআরডিটিআই, খাদিমনগর, সিলেট;
৮. জনাব মোঃ জিয়াউল হক, অধ্যক্ষ (উপ-নিবন্ধক), আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, কুষ্টিয়া;
৯. জনাব হরিদাস ঠাকুর, অধ্যক্ষ (উপ-নিবন্ধক), আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, নরসিংদী;

১০. জনাব আরিফুল হক, উপ-পরিচালক/মোঃ মোকারমুল ইসলাম, এসএডি (প্রশিক্ষ মৎস) পদাবিক, এনআরডিটিসি, নোয়াখালী;
১১. জনাব মোঃ দুলাল মিঞা, অধ্যক্ষ-উপনিবন্ধক, আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, মৌলভীবাজার;
১২. জনাব মোঃ আবদুল ওয়াহেদ, অধ্যক্ষ-উপনিবন্ধক, আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, মুক্তাগাছা, ময়মনসিংহ;
১৩. জনাব খোন্দকার হুমায়ুন কবীর, অধ্যক্ষ-উপনিবন্ধক, আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, রংপুর;
১৪. অধ্যক্ষ-উপনিবন্ধক, আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, ফরিদপুর;
১৫. অধ্যক্ষ-উপনিবন্ধক, আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, ফেনী।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. নিবন্ধক, সমবায় অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৩. মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, কাওরানবাজার, ঢাকা;